

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০৬০.২০১১/৩৬

তারিখ: ১৮ - ০৮ - ১৪২১ বাঃ
০২ - ১২ - ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ গ্রামীন ক্যালেডোনিয়ান কলেজ, মিরপুর, ঢাকায় ডিপ্লোমা কোর্সের পাশাপাশি বেসিক বিএসসি নার্সিং এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতি নির্ধারণী কমিটির ১৮-১১-২০১৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে গ্রামীন ক্যালেডোনিয়ান কলেজ অব নার্সিং মিরপুর, ঢাকায় বিদ্যমান ডিপ্লোমা কোর্সের পাশাপাশি নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষ হতে ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৫০টি (পঞ্চাশ) এবং পোস্ট বেসিক বিএসসি নার্সিং কোর্সে ৩০টি (ত্রিশ) আসন বরাদ্দপূর্বক নার্সিং কলেজ ও শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তাবলী:

- নীতিমালা অনুযায়ী শিক্ষক-শিক্ষার্থী অনুপাত রক্ষার জন্য যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন অধ্যাপক, সহকারী অধ্যাপক, ক্লিনিক্যাল ইনস্ট্রাউন্টর বৃক্ষি করতে হবে।
- নার্সিং কলেজের শিক্ষার্থী অনুপাতে কম্পিউটারের সংখ্যা বৃক্ষিসহ শিক্ষা উপরকণ বৃক্ষি করতে হবে।
- সকল নিয়োগ লিখিত পত্র দ্বারা সম্পন্ন করতে হবে যাতে অবশ্যই চাকরির শর্তাবলি ও বেতন-ক্ষেল উপরে থাকবে। কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর কম বেতন প্রদান করা যাবেনা। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে।
- শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে এতে কারিকুলামডুক্স পাঠ্যবই, দেশি-বিদেশি নার্সিং বিষয়ক বই, প্রয়োজনীয় অন্যান্য বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র পর্যাপ্ত পরিমাণ বৃক্ষি করতে হবে। ক্যাম্পাসে খেলাধূলা এবং সুস্থ বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
- সরকারি ভর্তি নীতিমালা অনুসরণে ১০% পুরুষ শিক্ষার্থী ভর্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থী ভর্তির পূর্বেই প্রদত্ত শর্তাবলী পূরন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিলকে অবহিত করতে হবে।
- বিদেশী শিক্ষক/শিক্ষিকা/ অধ্যক্ষ নিয়োগের পূর্বে সরকারের অনুমোদন গ্রহণ করতে হবে।

২। বর্ণিত কোর্সসমূহে সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।

৩৪:।-

(মোঃ লুৎফর রহমান)
মিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯


অধ্যক্ষ
গ্রামীন ক্যালেডোনিয়ান কলেজ অব নার্সিং
মিরপুর-২
ঢাকা-১২১৬।

নং-৮৫.১৫৮.১১১.০০.০৬০.২০১১- ৮০৮/৯ (৬)

তারিখঃ ১৮ - ০৮ - ১৪২১ বাং
০২ - ১২ - ২০১৪ খ্রি

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রহণের জন্যঃ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিবাল বা/এ, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মেডিক্যুলার রহমান)
সিনিয়র সহকারী সচিব